# ২০২৪

## দ্বিতীয় সেমেস্টার

## বাংলা — সাম্মানিক

### পত্র : CC-3

### [ বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক) ]

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) আধুনিক বাংলা মহাকাব্যের ধারায় মধুসূদন দত্তের অবদান আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) রবীন্দ্রনাথের তত্ত্বাশ্রয়ী নাটকগুলি বাংলা নাট্যজগতে নতুন ঘরানার প্রবর্তক। — যুক্তিসহ আলোচনা করো। ১০

২। (ক) রমেশচন্দ্র দত্তর ঔপন্যাসিক-প্রতিভা সম্বন্ধে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) বাংলা সাময়িকপত্রের ইতিহাসে 'তত্ত্ববোধিনী' পত্রিকার গুরুত্ব আলোচনা করো। ১০

৩। (ক) বাংলা গদ্যসাহিত্যের বিকাশের ধারায় রামমোহন রায়ের ভূমিকা ও গুরুত্ব বিচার করো। ১০

*অথবা,*

(খ) বাংলা গদ্যসাহিত্যে প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো। ১০

৪। (ক) বাংলা গীতিকবিতার ইতিহাসে বিহারীলাল চক্রবর্তীকে 'ভোরের পাখি' বলার তাৎপর্য সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) ব্যঙ্গপ্রহসন রচনাতেই অমৃতলাল বসুর প্রতিভার যথার্থ পরিচয়। — সংক্ষেপে আলোচনা করো। ৫

৫। (ক) বাংলা উপন্যাসের ধারায় স্বর্ণকুমারী দেবীর ভূমিকার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) বাংলা সাময়িকপত্রের উদ্ভব ও বিকাশ পর্বে 'সংবাদ প্রভাকর' পত্রিকার ভূমিকা সংক্ষেপে লেখো। ৫

৬। (ক) বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) স্বামী বিবেকানন্দ বাংলা চলিত ভাষার একজন সফল শিল্পী। — সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। *যে-কোনো একটি* বিষয়ে টীকা লেখো — ৫×১

(ক) জনা

(খ) নববাবু বিলাস

(গ) হুতোম প্যাঁচার নকশা।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও — ১×১৫

(ক) মধুসূদন দত্তের 'তিলোত্তমাসম্ভব কাব্য'-এর কাহিনি কোথা থেকে সংগৃহীত?

(খ) 'বলাকা' কাব্য কোন সালে প্রথম প্রকাশিত হয়েছিল?

(গ) রবীন্দ্রনাথের অতিপ্রাকৃত বিষয়ে লেখা যে-কোনো দু'টি গল্পের নাম লেখো।

(ঘ) গিরিশচন্দ্র ঘোষ পণপ্রথার বিরুদ্ধে কোন নাটক রচনা করেছিলেন?

(ঙ) রবীন্দ্রনাথের 'বিসর্জন' নাটকটি কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

(চ) বঙ্কিমচন্দ্রের লেখা বিজ্ঞান বিষয়ক প্রবন্ধগ্রন্থটির নাম কী?

(ছ) 'প্রেম প্রবাহিনী' কাব্যের রচয়িতা কে?

(জ) 'বিবিধার্থ সংগ্রহ' পত্রিকার সম্পাদকের নাম লেখো।

(ঝ) 'ভারতী' পত্রিকার প্রথম প্রকাশকাল উল্লেখ করো।

(ঞ) 'মাসিক পত্রিকা'-য় প্যারীচাঁদ মিত্রের কোন উপন্যাস প্রথম প্রকাশিত হয়েছিল?

(ট) 'সমাজ' নামক উপন্যাসের রচয়িতা কে?

(ঠ) 'স্বর্ণলতা' উপন্যাসের প্রকাশকাল লেখো।

(ড) 'ভাববার কথা' গ্রন্থটি কার লেখা?

(ঢ) রামমোহনের 'তুহ্ফাৎ-উল-মুওয়াহিদ্দিন' গ্রন্থটি কোন ভাষায় লিখিত?

(ণ) 'বেতাল পঞ্চবিংশতি' কোন গ্রন্থের বঙ্গানুবাদ?

---